গাংনী থানা পুলিশের অভিযানে আদালতের পরোয়ানাভূক্ত ৮ জন গ্রেফতার

গাংনী থানা পুলিশ অভিযান চালিয়ে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভুক্ত ৮ জন আসামীকে গ্রেফতার করেছেন।
গতকাল বৃহস্পতিবার দিবাগত রাতে এ উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃতরা হলেন, গাংনী উপজেলার মৃতু লিহাজ উদ্দীনের ছেলে আমিরুল ইসলাম, সাহেবনগর গ্রামের আব্দুল লতিফের ছেলে জিন্নাত আলী, বাঁশবাড়িয়া গ্রামের মহির উদ্দীনের ছেলে আব্দুর রউফ, রইছ উদ্দীন, আব্দুর রহমানের ছেলে আবুল কাশেম, আবু বক্কর সিদ্দিক, আকমল হোসেন ও লিহাজুল ইসলাম।

এদের মধ্যে সাহেবনগর গ্রামের জিন্নাত আলী নারী নির্যাতনের অভিযোগে দায়ের করা সিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামী। বাকীরা জিআর মামলায় আদালতের পরোয়ানাভূক্ত আসামী।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাকের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করা হয়। গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আব্দুর রাজ্জাক, এসআই, নুর হোসেনসহ সঙ্গীয় ফোর্সসহ অভিযানে অংশ নেন।

গ্রেফতারকৃতদের আজ শুক্রবার (৩ জুন) বেলা ১২ টার সময় আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

বারাদিতে আ.লীগ প্রার্থীসহ চার

প্রার্থীর বিরুদ্ধে কারণ দর্শানোর নোটিশ

নির্বাচনী আচরণ-বিধি লঙ্ঘনের দায়ে মেহেরপুর সদর উপজেলার বারাদি ইউনিয়নের আওয়ামী লীগের দলীয় চেয়ারম্যান প্রার্থীসহ চার প্রার্থীকে কারণ দর্শানোর নোটিশ দিয়েছে রিটার্নিং অফিসার। তিনটির অধিক নির্বাচনী ক্যাম্প স্থাপন করায় আওয়ামীলীগের দলীয় প্রার্থী মোমিনুল ইসলাম কারণ দর্শানোর নোটিশ দিয়েছেন নির্বাচন অফিস।
গতকাল বৃহস্পতিবার নির্বাচন কমিশন কর্তৃক প্রণীত ইউনিয়ন পরিষদ নির্বাচন আচরণ বিধিমালা-২০১৬ এর বিধি ১২ এর স্পষ্ট লঙ্ঘন করার অভিযোগ এনে তিনটি ক্যাম্প বাদে বাকি ক্যাম্প বা অফিস বন্ধ করার নির্দেশ দিয়েছেন। এছাড়া কেন তার বিরুদ্ধে বিধিমালা লঙ্ঘনের জন্য ইউনিয়ন পরিষদ আচরণ বিধিমালা-২০১৬ এর ৩১ বিধি অনুসারে শাস্তি প্রয়োগ করা হবে না?
এদিকে, বারাদি ইউনিয়ন পরিষদের নির্বাচনী এলাকায় আচরণবিধি লঙ্ঘনের অভিযোগে সাধারণ সদস্য ৩ জন প্রার্থীদেরকে কারন দর্শানোর নোটিশ দিয়েছে রিটার্নিং অফিসার। তারা হলেন ৪ নং ওয়ার্ডের মোমিনপুর ও বারাদি ভোটার এলাকায় তালা প্রতীকের প্রার্থী স্বাধীন শেখ, মোরগ প্রতিকের প্রার্থী মোর্শেদ কুলি মেগা ও ফুটবল প্রতিকের প্রার্থী রিপন আলী।

জানা গেছে, ইউনিয়ন পরিষদ নির্বাচন আচরণবিধি মালা ২০১৬ এর বিধি ২১ অনুসরণ না করে একটির পরিবর্তে একাধিক শব্দযন্ত্র মাইক ব্যবহার করেছেন। আগামী ৪৮ ঘন্টার মধ্যে রিটার্নিং অফিসারের নিকট সন্তোষজনক জবাব দাখিল করতে হবে। অন্যথায় প্রার্থীদের নির্বাচনী আচরণ লঙ্ঘনের দায়ে শাস্তি প্রয়োগ করা হবে জানিয়েছেন বারাদি ও পিরোজপুর ইউনিয়ন পরিষদের রিটার্নিং অফিসার মেহেদী হাসান।

মেহেরপুরে পুলিশের অভিযানে ৭ আসামি গ্রেফতার

মেহেরপুরে পুলিশের পৃথক অভিযানে আদালতের পরোয়ানাভূক্তসহ ৭ আসামি গ্রেফতার হয়েছে।

গ্রেফতারকৃতদের মধ্যে আদালতের পরোয়ানাভূক্ত ৩ জন ও নিয়মিত মামলায় ৪ আসামি রয়েছে।

বৃহস্পতিবার (২ জুন)দিবাগত রাতভর জেলার তিনটি উপজেলার পৃথক গ্রামে অভিযান চালিয়ে আজ শুক্রবার ভোররাত পর্যন্ত এসব আসামি গ্রেফতার করে পুলিশ। মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোল রুম এ তথ্য নিশ্চিত করেছেন।

গাংনী থানা পুলিশ আদালতের পরোয়ানাভুক্ত ২জন ও নিয়মিত মামলায় ১ জনসহ তিনজন, সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত ২ জন ও নিয়মিত মামলায় ১ জনসহ তিন আসামি এবং মুজিবনগর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত ১ আসামি হ্রেফতার করেন।

পুলিশ সুপার রাফিউল আলমের নির্দেশে গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শাহ দারা খান ও মুজিবনগরথানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদি রাসেলের নেতৃত্বে পুলিশের পৃথক টীম অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করেন। আজ শুক্রবার গ্রেফতারকৃতদের আদালতে সোপর্দ করবেন।

গাংনীতে জমি দেয়াকে কেন্দ্র করে সংঘর্ষে উভয়পক্ষের ৬ জন

আহত

স্ত্রীর নামে জমি দেওয়াকে কেন্দ্র করে সৃষ্ট রক্তক্ষয়ী সংঘর্ষে উভয় পক্ষের ৬ জন মারাত্বক আহত হয়েছেন। আহতরা হলেন,সাবেক মেম্বর রবিউল ইসলামের ছেলে রকিবুল ইসলাম (৩২), ইউনুছ আলীর ছেলে আব্দুস সালাম (৪৫), সিরাজুল ইসলামের ছেল মিরাজুল ইসলাম (৩৫)। অপরপক্ষের আহতরা হলেন, আবুল কাশেম (৫৮), তার ছেলে সেলিম রেজা(৩৫) ও শাকিল হোসেন (২২)।

গতকাল বৃহস্পতিবার দিবাগত রাত ১০ টার দিকে গাংনী উপজেলার ধর্মচাকি গ্রামের ধর্মচাকি পশ্চিমপাড়া এলাকায় এ সংঘর্ষের ঘটনা ঘটে।

আহতদের স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসেন। এদের মধ্যে রকিবুল ইসলাম, আব্দুস সালাম ও মিরাজুল ইসলামের অবস্থা আশংকাজনক হওয়ায় কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেছেন গাংনী হাসপাতালের চিকিৎসক। বাকি তিন জন প্রাথমিক চিকিৎসা নিয়ে বাড়ি ফিরেছেন।

সাবেক মেম্বর রবিউল ইসলাম জানান, আমার জামায় আবুল হাসেম অসুস্থ হওয়ায় তার নামের ৬১ শতক জমি স্ত্রী আল্লাদি খাতুনের নামে গত ৩০ মে রেজিষ্ট্রি করে দেই। তার তিনটা মেয়ে আছে। জমি রেজিষ্ট্রি করে দেওয়ার জন্য আমার জামায় আবুল হাসেমের বড় ভাই আবুল কাশেম ও তার দুই ছেলে সেলিম রেজা ও শাকিল হোসেন আমার মেয়েকে মারার জন্য যায়। পরে বাকবিতণ্ডার এক পর্যায়ে আমার ছেলে ও ভাইকে ধারাল অস্ত্র ও রড দিয়ে হামলা চালিয়ে আহত করে।

এদিকে আবুল কাশেম অভিযোগ করেন, আমার ভাই আবুল হাশেম অসুস্থ। তার স্থলে অন্যজন এসে তার স্ত্রীর নামে দলিল জাল করে রেজিষ্ট্রি কনে নেন।

আমরা বিষয়টি নিয়ে তাদের সাথে কথা বলতে গেলে দেশিয় অস্ত্র নিয়ে আমাদের উপর হামলা কনে। আমাদের তিন জন মারাত্বক আহত হন। এঘটনায় উভয়পক্ষই মামলার প্রস্তুতি নিচ্ছেন।

এদিকে বৃহস্পতিবার বিকালে গাংনী উপজেলার লক্ষিনারায়নপুর ধলা গ্রামে পূর্ব শত্রুতার জের ধরে আনজিরা খাতুন (৬০) নামের এক বিধবা নারীকে মারধর করেছে প্রতিবেশী রইছদ্দিন।

আহত আনজিরা খাতুন বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন। একই সময়ে এ উপজেলার সীমান্তবর্তী সহড়াতলা গ্রামে সুজন আলীর স্ত্রী মুক্তা খাতুনকে পিটিয়ে আহত করেছে প্রতিপক্ষরা।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেন, মারামারির খবর পেয়ে পুলিশের একটি টীম ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি শান্ত করে। এঘটনায় মামলা দিলে উভয়পক্ষের মামলা গ্রহণ করা হবে।

গাংনীতে ৭০ বোতল ফেন্সিডিলসহ আটক-৪

মেহেরপুরের গাংনীতে অভিযান চালিয়ে ৭০ বোতল ফেন্সিডিল সহ ৪ জনকে আটক করেছে জেলা গোয়েন্দা (ডিবি) পুলিশের একটি দল।

বৃহস্পতিবার রাত সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার কাজীপুর কাচারিপাড়া থেকে তাদেরকে আটক করা হয়।

আটককৃতরা হলেন, গাংনী উপজেলার বেতবাড়ীয়া গ্রামের আবু দাউদের ছেলে নাদেম ইসলাম (২২), কুষ্টিয়া দৌলতপুর থানার খলিশাকুন্ডি পাইকপাড়ার ডাবলু হোসেনের ছেলে মোমিন হোসেন (৩৫), নজরুল ইসলামের ছেলে জাহিদুল ইসলাম (৩২), আইয়ুব আলীর ছেলে জিনারুল ইসলাম (৪০)।

ডিবি সূত্রে জানা গেছে, কাজীপুর কাচারিপাড়া এলাকায় মটরসাইকেল যোগে ফেন্সিডিল পাচার করছে এমন সংবাদের ভিত্তিতে ডিবি পুলিশের ইন্সপেক্টর মেজবাহ উদ্দিন আহম্মেদের নেতৃত্বে এসআই অজয় কুমার কুন্ডু, এএসআই মাহাতাব উদ্দিনসহ সঙ্গীয় ফোর্স নিয়ে ওই এলাকায় অভিযান পরিচালনা করে তাদের আটক করা হয়। এসময় তাদের কাছ থেকে ৭০ বোতল ফেন্সিডিল উদ্ধার সহ একটি মটরসাইকেল জব্দ করা হয়।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে গাংনী থানায় মাদক দ্রব্য আইনে একটি মামলা দায়ের করা হয়েছে।

মুজিবনগরে ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত যৌথ সভা অনুষ্ঠিত

মুজিব শতবর্ষে সহ কেউ গৃহহীন ও ভূমিহীন থাকবে না মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার এই ঘোষণা কে বাস্তবায়িত করার লক্ষ্যে, মুজিবনগর উপজেলায় ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত এক যৌথ সভা অনুষ্ঠিত হয়েছে।

বৃহস্পতিবার সকাল সাড়ে ১১ টার সময় উপজেলা পরিষদ মিলনায়তনে এই সভার আয়োজন করা হয়। মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে, ভূমিহীন ও গৃহহীন পরিবার পুনর্বাসন সংক্রান্ত যৌথসভায় উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা, উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা রকিব উদ্দিন, উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, বাগোয়ান ইউপি চেয়ারম্যান আয়ুব হোসেন, মোনাখালী ইউপি চেয়ারম্যান মফিজুর রহমান, দারিয়াপুর ইউপি চেয়ারম্যান মাহবুবুর রহমান রবি, দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম সহ উপজেলার ইউনিয়নের নির্বাচিত ওয়ার্ড সদস্য ও সদস্যাবৃন্দ।

যৌথসভায় যেসব পরিবার গৃহহীন ও ভূমিহীন তাদেরকে সঠিকভাবে বাছাই পূর্বক এবং ভূমি প্রদানের বিষয়ে আলোচনা করা হয়।

মুজিবনগরে আরডি প্রদর্শনী মৎস্য চাষীদের মাঝে মৎস্যজাত উপকরণ বিতরণ

“নিরাপদ মাছে ভরবো দেশ “মুজিব বর্ষে বাংলাদেশ” এই প্রতিপাদ্যকে সামনে রেখে মুজিবনগরে ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) এর আওতায় ২০১১-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত আরডি প্রদর্শনী মৎস্য চাষীদের মাঝে মৎস্যজাত উপকরণ বিতরণ করা হয়েছে।

উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তার দপ্তরের বাস্তবায়নে বৃহস্পতিবার সকালে উপজেলা পরিষদের সামনে এসব উপকরণ বিতরণ করা হয়।

মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকার উপস্থিত থেকে এসব সামগ্রী বিতরণ করেন এ সময় উপস্থিত ছিলেন উপজেলা ভাইস চেয়ারম্যান রফিকুল ইসলাম মোল্লা, মুজিবনগর উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা শহিদুল ইসলাম উপজেলা শিক্ষা অফিসার মামুনুর রশিদ, উপজেলা আওয়ামী লীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা দারিয়াপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি মোস্তাকিম হক খোকন, বাগোয়ান ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, সহকারী মৎস্য কর্মকর্তা আহসান হাবীব।

ইউনিয়ন পর্যায়ে মৎস্য চাষ প্রযুক্তি সেবা সম্প্রসারণ প্রকল্প (২য় পর্যায়) (২য় সংশোধিত) এর আরডি প্রদর্শনীর আওতায় উপজেলার ৩ জন মৎস্য চাষীককে ১০ বস্তা করে মৎস ফিড বিনামূল্যে প্রদান করা হয়।

কোটচাঁদপুরে আম পাড়তে গিয়ে বৃদ্ধের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে ফকর উদ্দিন

(৬০) নামে এক বৃদ্ধের মর্মান্তিক মৃত্যু হয়েছে। ফকর উদ্দিন মন্ডল সলেমানপুর দিয়ারীপাড়ার মৃত মহর আলী মন্ডলের ছেলে। বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে শহরের সলেমানপুর ময়নাগাড়ি মাঠে এদূর্ঘটনা ঘটনা ঘটে।

স্থানীয়রা জানায়, বৃহস্পতিবার বেলা ১১টার দিকে দিন মজুর ফকর উদ্দিন সলেমানপুর গ্রামের ইন্তাদুল সরদারের আম বাগানে আম পাড়তে যায়। এসময় গাছের ডাল ভেঙ্গে নিচে পড়ে যায়। এতে সে গুরতর আঘাত পায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে উন্নত চিকিৎসার জন্য যশোর জেনারেল হাসপাতালে নেওয়া হলে চিকিৎসাধীন অবস্থায় সে মারা যায়।

কোটচাঁদপুরে একাধিক মামলার আসামী গ্রেফতার

ঝিনাইদহের কোটচাঁদপুরে ভবনের দেয়াল কেটে স্বর্ণের দোকানে চুরি মামলার ঘটনায় জড়িত সন্দেহে চুরি-ডাকাতি সহ একাধিক মামলার আসামী মামুন ও সোহাগকে গ্রেফতার করেছে পুলিশ।

বৃহস্পতিবার দিবাগত রাতে পৌর শহরের বড়বামানদাহ গ্রামের মৃত রাজ্জাক মিয়ার ছেলে নাসিরুজ্জামান মামুন ও আদর্শ পাড়ার মোফাজ্জেল হোসেনের ছেলে সোহাগকে গ্রেফতার করে।

মামলার তদন্তকারী কর্মকর্তা কোটচাঁদপুর পৌর ফাঁড়ি ইনচার্জ ইন্সপেক্টর আক্তারুজ্জামান লিটন জানান, গোপন সংবাদের ভিত্তিতে প্রযুক্তির মাধ্যমে বড়বামানদাহ গ্রামের একটি আম বাগান থেকে মামুন ও সোহাগকে গ্রেফতার করা হয়েছে। গ্রেফতারকৃত আসামীদের আদালতের মাধ্যমে রিমান্ড আবেদন করা হবে।

তদন্তকারী কর্মকর্তা জানান, মামুনের বিরুদ্ধে চুরি, ডাকাতি,

মাদক, বিষ্ফোরক সহ ৮ টি মামলা রয়েছে। অন্যদিকে আসামী সোহাগের বিরুদ্ধে একই মামলা সহ ৬ টি মামলা রয়েছে। গত ১২ মে রাতে মেইন বাজারের পলাশ জুয়েলার্সে দূর্ধষ চুরির ঘটনা ঘটে। চোর চক্র নগদ অর্থসহ ৬ থেকে ৭ লক্ষাধিক টাকা মূল্যের স্বর্ণ নিয়ে পালিয়ে যায়।

এ ঘটনায় সাধারণ ব্যবসায়ীদের মাঝে আতঙ্ক ও এলাকায় চাঞ্চল্যের সৃষ্টি হয়। খবর পেয়ে ঘটনাস্থলে আসেন জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপার।

সিআইডির ক্রাইম সিন ইউনিটের সদস্যসহ আইনশৃঙ্খলা বাহিনীর কর্মকর্তারা। এ ঘটনায় কোটচাঁদপুর থানায় একটি চুরির মামলা করেন, জুয়েলার্স মালিক পলাশ কর্মকার।

মেহেরপুরে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় অংশ নেবে ৬১১৪ জন পরীক্ষার্থী

আগামীকাল শুক্রবার মেহেরপুরে জেলাতে সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০ অনুষ্ঠিত হবে।

সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষায় জেলার ৬ হাজার ১১৪ জন পরীক্ষার্থী অংশ নেবন। জেলা সদরের ১০ টি পরীক্ষা কেন্দ্রে শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ অনুষ্ঠিত হবে।

মেহেরপুর সরকারী কলেজ কেন্দ্রে ১৫০৮ জন, সরকারী মহিলা কলেজ কেন্দ্রে ৬৮২ জন, সরকারী বালক উচ্ছ বিদ্যালয় কেন্দ্রে ৮০০ জন, সরকারী বালিকা উচ্চ বিদ্যালয় কেন্দ্রে ৫৫০ জন, সরকারী টেকনিক্যাল স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ৪৮০ জন, সিউদ্দীন ডিগ্রী কলেজ কেন্দ্রে ৬৭২ জন, মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় এন্ড বিএম কলেজ কেন্দ্রে ৩০০ জন, মেহেরপুর দারুল উলুম আহমাদিয়া মাদ্রাসা কেন্দ্রে ৪৫০ জন, কবি নজরুল শিক্ষা মঞ্জিল কেন্দ্রে ২৫০ জন ও জিনিয়াস ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ কেন্দ্রে ৪২২ জন পরীক্ষার্থী

অংশ নেবেন।

মেহেরপুর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ভূপেন রঞ্জন রায় বলেছেন, পরীক্ষা সুষ্ঠভাবে পরিচালনা করতে সব ধরনের প্রস্তুতি নেয়া হয়েছে। ইতোমধ্যে পরীক্ষার কেন্দ্রগুলো ঠিকভাবে প্রস্তুত করা হয়েছে।

সকাল ৯ টা থেকে বেলা ১২ টা পর্যন্ত পরীক্ষা অনুষ্ঠিত হবে। পরীক্ষা কেন্দ্রগুলোর আশে পাশে ওই সময় ১৪৪ ধারা জারি করা হয়েছে প্রশাসনের পক্ষ থেকে। সকাল সাড়ে ১০ টার পর কোনো পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করতে দেওয়া হবেনা।

এছাড়া পরীক্ষা চলাকালিন সময়ে জেলা শহরের সবগুলো ফটোকপিয়ারের দোকান বন্ধ ঘোষণা করা হয়েছে। প্রবেশপত্র ছাড়া পরীক্ষা কেন্দ্রে কোনো পরীক্ষার্থী বই, খাতা, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ডিভাইস, ইলেকট্রনিক ঘড়ি, উত্তরপত্র, নোট বা কোনো কাগজ, ভ্যানেটি ব্যাগ, পার্স, মোবাইল ফোন বা কোনো ধরণের বস্তু নিয়ে প্রবেশ করতে পারবেনা।

এসব নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ করলে তাকে বাহি:স্কার বা তাৎক্ষনিকভাবে আইনগত ব্যবস্থা নেয়া হবে। এসংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে মেহেরপুর জেলা তথ্য অফিস প্রচার পত্র বিলি করছেন।